



Special Supplement

Layout and Design : Department of Films and Publications, Ministry of Information



## রাষ্ট্রপতির বাণী

বিসমিল্লাহির রাহমানির রাহিম

আজকের দিন বিজয়ের দিন। জাতীয় অহংকারের দিন। দেশের স্বাধীনতা যুদ্ধের সময় নয় মাসব্যাপী পাকিস্তানী বাহিনীর বিরুদ্ধে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধ ও বিজয়ের আনন্দ বেদনার স্মৃতি বিজড়িত 'মহান বিজয় দিবস' আমাদের সবচেয়ে স্মরণীয় ও গৌরবময় দিন। এই দিনে আমি সকল শহীদের রুহের মাগফেরাত কামনা করছি।

বাংলাদেশের মানুষ মূলতঃ তীব্রভাবে রাজনীতি সচেতন ও সংবেদনশীল। তাই রাজনৈতিক প্রয়োজনে এদেশের মানুষ সংঘবদ্ধভাবে ভাষা আন্দোলন থেকে শুরু করে সমস্ত গণতান্ত্রিক আন্দোলনে অংশ নিয়েছে এবং অধিকার প্রতিষ্ঠা করেছে। স্বাধীনতার দুর্বার আকাঙ্ক্ষায় উদ্দীপ্ত হয়েছে গণ-মানুষ। সর্বস্তরের জনগণকে স্বাধীনতার জন্য ঐক্যবদ্ধ ও সংগ্রামী চেতনায় উদ্বুদ্ধ এবং রাজনৈতিক পটভূমি রচনায় রাজনৈতিক নেতৃবৃন্দের অবদান ছিলো অপরিসীম। জাতীয় রাজনৈতিক জীবন পরিক্রমায় সর্বোচ্চ শ্রদ্ধার সঙ্গে উচ্চারিত নেতৃত্ব থেকে শুরু করে রাজপথের লড়াকু ও ত্যাগী, অত্যাচারিত-নির্যাতিত এবং শাহাদত বরণকারী জনগণের স্মৃতির প্রতি আমার হৃদয়ের অন্তস্তল থেকে শ্রদ্ধা জ্ঞাপন করছি। একই সঙ্গে, স্বাধীনতাকামী জনগণের উপর তৎকালীন পাকিস্তানী বাহিনীর নৃশংস আক্রমণের ফলে জাতির কাছে স্বাধীনতার এক অবিনশ্বর আহ্বান সমগ্র জাতিকে সেদিন বিদ্যুৎস্পৃষ্টের মতো জাগিয়ে দিয়েছিল এবং তাদের ঐক্যবদ্ধ করেছিল। সংগঠিত হয়েছিল ঐতিহাসিক মুক্তিযুদ্ধ। আজ এই দিনে সেই দিনের সমগ্র মুক্তিযুদ্ধের সংগঠকদের জানাই হৃদয়মথিত শ্রদ্ধাঞ্জলি। প্রবাসী মুজিবনগর সরকারের নেতৃবৃন্দ, বিভিন্ন সেক্টর কমান্ডার ও অসংখ্য দেশপ্রেমিক মা-বোন, কৃষক, শ্রমিক, ছাত্র, জনতা ও সিপাহী মুক্তিযোদ্ধার জীবন-মরণ সংগ্রাম ও সীমাহীন আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছিল রক্তাক্ত জাতীয় পতাকা, বৈচিত্র্যময় স্বাধীন বাংলাদেশের মানচিত্র এবং হৃদয় থেকে উত্থিত জাতীয় সংগীত "আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি"। স্বর্ণময় ইতিহাসের রচয়িতা এই সব মানুষের জন্য দেশবাসীর পক্ষ থেকে জানাই রক্তিম শুভেচ্ছা।

এ দেশের মানুষ মূলতঃ গণতন্ত্রপ্রিয় এবং এজন্য তারা অতীতে বারবার সংগ্রাম করেছে, ত্যাগ স্বীকার করেছে। গণতন্ত্রের অগ্রযাত্রাকে অব্যাহত রাখার জন্য আমাদের সবাইকেই ত্যাগের মনোভাবে উদ্বুদ্ধ হতে হবে—জনগণের কল্যাণকেই সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। সংসদীয় গণতন্ত্রের মূল্যবোধ ও আইনের শাসন প্রতিষ্ঠায় সকলকে আন্তরিক হতে হবে এবং দলীয় ও ব্যক্তিস্বার্থের উর্ধ্বে জাতীয় স্বার্থকে প্রাধান্য দিতে হবে। দেশের রাজনৈতিক নেতৃবৃন্দ এ বিষয়ে সচেতন আছেন বলে সমস্ত জাতি বিশ্বাস করে। এই বিশ্বাসের মর্যাদা সঙ্গত কারণেই জাতি আশা করে, দাবী করে দেশের সর্ব পর্যায়ের নেতৃত্বের কাছে।

এ দিনে আমার ঐকান্তিক কামনা হলো, একটি সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ।

অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ



Freedom Fighters on the move on 22 November 1971

# 16 December: The cleansing of our soul and the flourishing of our freedom

**Syed Ali Ahsan**

What is freedom ? This question has been asked for ages by people of different countries. Immediately before the French revolution, French philosopher Rousseau had said : "Man was born free, but everywhere he is in chains". That means, the environment in which people are born and brought up during childhood is free, clean and without shackles. But as he grows older, he develops bonds with his family. The ties of society grows stronger and he has to obey the rules and regulations stipulated by the state. We speak about personal liberty of man – which is articulated very strongly in the present era. But we are enchained in different ways by our history, society and lifestyle. This enchainment was explained during the Greek era by a hypothesis. They used to say : No one is liable for what happens in his fate. It happens because of the active expression of predetermined providence. This notion of predetermined providence has undergone change in the present day world. Now we say -- Man determines his own destiny. Man has mobility, spontaneity and the power to judge. So, the course of his life is in his own hands.

A nation has general agreement on some points. The first is the need for a comfortable life within a geographic boundary, mutual cooperation for the flourishing of one's culture, joy and enthusiasm and reflection of people's will in politics. We Bangladeshis are flourishing for hundreds of years within the same geographic confines. There have been unrest galore, indiscipline due to external invasions and stagnation in our self-identity. But we kept up our mobility by overcoming those bouts of indiscipline.

It is an established fact that there was indiscipline in the land of Vanga before the rule of Pala dynasty. Peace and discipline was restored after the establishment of Pala empire in this land. It started a new chapter of cultural renaissance, and justice and pragmatism got a firm foothold in society. After the exit of the Pala dynasty, we noticed the rise and fall of some Hindu dynasties. One of the dynasties were the Barmans, then there was the Chandra dynasty and lastly the Sena dynasty. After settling down in this land of the Vanga, the Sena dynasty preached Hinduism. This period was an era of confusion in the Vanga. The solidarity and good fortune that we witnessed during the rule of the Palas was totally absent during the Sena rule. The marks of progress that was imprinted in the fields of education, language, literature and arts by the Pala rulers was completely absent during the rule by the Senas. The demise of the Senas occurred in the year 1203. The Turkish General Mohammad Bin Bakhtiar Khilji came to the Vanga in that year and captured Luxmanabati – the capital of Gour After this Turkish conquest, Islam took its roots in Bangladesh at the state level and a complete transformation occurred in the cultural tradition of Vanga. Islam made its entry into an area where there had been a strong influence of the Hindu and Buddhist culture at one time. The Palas were Buddhist inhabitants of Vanga, but the Senas were outsiders – hailing from Karnataka. They had asserted their domination over Vanga in the process of advances made out of greed for conquests. Therefore, the common people of this iand harboured intense hatred for them. So, it was no surprise that Ikhtiar Uddin Bakhtiar Khilji could conquer Vanga with the help of only 17 cavaliers. That was because, the repressed lower caste Hindus welcomed the arrival of Ikhtiar Uddin and they opened the iron gate of the capital for him. Ikhtiar came as the saviour of the ordinary people. The culture of Bangladesh then underwent radical change and the form of Bangla language also got transformed because of the influence of the Farsi language.

In determining the national identity of Bangladesh, the first source that we derive from history was the refined forms of Buddhist culture and thought. The emotions which have been adopted and forcefully pronounced from this culture and thought are : firstly, loyalty to democracy; secondly, equality of people and elimination of class distinction; thirdly, humanism and tolerance of other people's views; fourthly, an eagerness to embrace whatever is beautiful and beneficial. We can discover these truths if we review the rise and gradual flourishing of the Pala rule. Although the immigrant Senas tried to introduce their religion and caste system here, those did not take roots. The main hunting ground of the Brahmins during the Sena period was West Bengal. Most of the Sanskrit tols and campuses were located at West Bengal. If we look at the history of Sanskrit education in the Bangla-speaking areas, Nadia-Shantipur belt of West Bengal stands out as the main centre of Sanskrit education. The sphere of cultural influence of the Senas could not be extended to the areas of Bangladesh. The presence of Senas in this country was for a few decades. The Palas ruled this country for 450 years, the Senas for 75 years and then the Muslim rule extended for 450 years – just like the Palas. A sweeping change took place in the cultural arena of this land during the Muslim rule. Class distinction was abolished in the religious and cultural fields, the countrymen were motivated to adopt and get habituated with two new languages, architecture got a new dimension and massive changes occurred in dresses and eateries. Although Buddhism underwent a decline, their initiatives in faith intermingled with the culture brought in by the Muslims. If we are to determine the national identity of Bangladesh, this chronology of history has to be kept in mind.

Although the geographical status of the land called Pakistan was politically determined during the Pakistan era, it could not assimilated by all. Its geographic status was considered secondary as it was claimed to be an ideological state. Besides, the ingredients that were needed to shape a geographical entity were also not present in it in their entirety. For example, the regions lacked congruity, there was no linguistic unity and the cultural heritage was different. Unity existed only in religion and administration. If we look at the history of Pakistan, it becomes apparent that these two elements were not sufficient to forge a national identity. Whereas, despite linguistic and religious unity, the Arabs were divided into numerous nation-states, how could Pakistan emerge as a nation on the basis of common religion and administrative set-up ? Cracks developed in this unrealistic unity since 1952 and ultimately Bangladesh seceded in 1971 through a liberation war. We identified ourselves as Bengalees and the country as Bangladesh. At that time, these two were not linked together. That meant, we were labelled as Bengalees, but its basis or source was not clearly spelt out.

The emergence of Pakistan was linked to the independence of India. It was then considered a necessity to determine the national identity and realize the distinctiveness of Muslims. But this Pakistan could not remain united. The main reasons were its geographic dispersion, linguistic differences and above all cultural incongruity. It was not possible to forge an one-dimensional cultural coherence after overcoming all these differences. Besides, the region of Bangladesh was discriminated against through the establishment of a single central authority for both the regions of Pakistan. As the higher officials of administration resided in West Pakistan, East Pakistan got psychologically alienated gradually. The people of Bangladesh also could not be involved extensively with the administrative process of Pakistan. Another major issue was the fact that our language and culture could not be assimilated by the Pakistani ethos. Due to all these factors, unrest erupted in our region. The movement for upholding the distinctiveness of Bangladesh gradually intensified and finally we got an independent Bangladesh.

The liberation war of 1971 was a conscious effort to discover our distinctiveness. All segments of the country's populace took part in the war, some from within and some from outside the country. This war of liberation was not organized by any single political party. The common people of the country provided the inspiration and support for the war. Especially, the Bengalee soldiers, BDR and other military outfits had taken preparation for the war in advance. They drew inspiration from the spirit and determination of the general masses. Some political parties tried to use the war to their own advantage, but they did not succeed.

Basically, the process of getting united on the issue started with the declaration of independence by Shaheed Ziaur Rahman on 26 March 1971 – which proved to be the principal inspiration for preparing for the war. There have been numerous attempts to prove untrue the resolve and pledge of Shaheed Zia. But 26 March was my birthday. My children and son-in-laws were assembled at my residence in Chittagong on the day. The famous artist Rashid Chowdhury was present with his wife and two daughters. Artist Debdas Chakrabarty was also present with his wife. On that day, Zia's voice could be clearly heard over the radio. It was he, who first informed that we were fighting for an independent Bangladesh and we would continue to fight until Bangladesh got liberated.

Thus, the liberation war had started at the call of Shaheed Zia. He left the Pakistan army and established himself as a resolute Hero of our independence. There have been many attempts, which continue even now, to belittle Ziaur Rahman in different ways. It is even claimed that Ziaur Rahman was not the proclaimer of independence; a party has also supplied some other unfamiliar names. But time has proved that Ziaur Rahman was morally strong; he could always uphold his ideologies and was forever committed to independence. It can be claimed without any doubt that our liberation war would have turned into chaos if there were no Ziaur Rahman. He brought with him courage, firmness of resolve, vision and determination– all of which inspired us greatly. When we were all perturbed and many people were fleeing the country to escape the onslaught of the enemy, at that very moment it was Ziaur Rahman who brought home the hope of a new life to the people. Whatever distortions our history may be subjected to, whatever attempts may be made to prove untrue the courage and determination of Ziaur Rahman through imaginary tales, the truth remains known to all that when the leaders and workers of a political party were fleeing the country or were giving themselves up to the Pakistanis on their own, then it was only Ziaur Rahman who held aloft our longing for freedom and took the country gradually to the path of independence struggle.

16 December is the day of our freedom. We were once the inhabitants of a land many years ago, when the ideologies of the state were: equality of all, readiness to discharge responsibility and humbleness. Now, we have to safeguard the freedom which has come our way, through truthfulness, resolve, will-power and a determination that combines all free impulses. What is needed today most is to establish truth through neutrality, self-reliant economic growth, individual honesty and punctuality in everything that we do. Many days have elapsed in the meantime. Today, we have got a specific country within a specific boundary. Like other countries of the world, that boundary has given shape to our national identity. Just as other nations of the globe found their national identity within the confines of their geographic boundaries, we also shall flourish our national ethos within our geographic landscape.

The 16th of December teaches us that lesson.

**Translation: Helal Uddin Ahmed**



## প্রধানমন্ত্রীর বাণী

আজ ১৬ ডিসেম্বর—মহান বিজয় দিবস। দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী যুদ্ধের মধ্য দিয়ে ১৯৭১ সালের এদিনেই দেশকে শত্রুমুক্ত করেছিল বীর মুক্তিযোদ্ধারা। ছিনিয়ে এনেছিল দেশের স্বাধীনতা। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের দৃপ্ত ঘোষণার মধ্য দিয়ে যে মুক্তিযুদ্ধের শুরু—১৬ ডিসেম্বর এসে তা লাভ করে পূর্ণতা। আজকের এই দিনে আমি সকল দেশবাসীকে আন্তরিক অভিনন্দন জানাই। সেই সাথে শ্রদ্ধার সাথে স্মরণ করি মুক্তিযুদ্ধের অকুতোভয় বীর শহীদদের—যাদের সর্বোচ্চ আত্মত্যাগে আমরা স্বাধীনতা লাভ করেছি। আমি মহান আল্লাহতায়ালার কাছে তাদের রুহের মাগফেরাত কামনা করি। আমি সশ্রদ্ধচিত্তে স্মরণ করি যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও সেসব মা-বোনদের যারা হানাদার বাহিনীর হাতে লাঞ্ছিত হয়েছেন।


স্বাধীনতা আমাদের মহান অর্জন, আমাদের অহংকার এবং গর্ব। দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা ও আর্থ-সামাজিক সমৃদ্ধির মাধ্যমে জনগণের ভাগ্য পরিবর্তন করাই ছিল এ স্বাধীনতার লক্ষ্য। সে লক্ষ্য অর্জন আজও পুরোপুরি সম্ভব হয়নি। সত্তর দশকের মাঝামাঝি একদলীয় শাসন এবং আশির দশকের স্বৈরাচারী শাসন জাতির আর্থ-সামাজিক অগ্রগতিকে বাধাগ্রস্ত করেছিল। দেশ আজ একদলীয় শাসন ও স্বৈরাচারমুক্ত। দেশে বিরাজমান গণতান্ত্রিক প্রক্রিয়াকে সুসংহত করে অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে হবে। দেশ থেকে সব ধরনের সন্ত্রাস নির্মূল করতে হবে। বাংলাদেশকে আমরা একবিংশ শতাব্দীর একটি আধুনিক দেশ হিসেবে গড়ে তুলতে চাই। আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির বিশ্বস্রোতধারায় আমাদের দেশকেও আমরা যুক্ত করতে চাই। সকলের সম্মিলিত প্রচেষ্টা ও অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে একটি সুখী, স্বনির্ভর, সমৃদ্ধ বাংলাদেশ আমাদের গড়ে তুলতে হবে। আমি গণতন্ত্র সুসংহত করে দেশ গড়ায় শরিক হওয়ার জন্য দলমত নির্বিশেষে সবাইকে আহ্বান জানাই।

এদিনে প্রবাসী বাংলাদেশীদেরকেও আমি অভিনন্দন জানাই। শ্রদ্ধার সাথে স্মরণ করি মুক্তিযুদ্ধে তাদের সুমহান অবদানের কথা। প্রবাসে বসবাসরত বাংলাদেশীরা সংশ্লিষ্ট রাষ্ট্রে বাংলাদেশের শুভেচ্ছা দূত। বিদেশে দেশের ভাবমূর্তি উজ্জ্বল এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে তারা ইতিবাচক অবদান রাখছেন। আমি আশা করি, দেশের উন্নয়নে আরো গভীরভাবে সম্পৃক্ত হয়ে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্য অর্জনে তারা আরও অর্থবহ অবদান রাখবেন।

মহান বিজয় দিবস আমাদের সবাইকে স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা এবং জাতীয় উন্নয়নে আরও অর্থবহ অবদান রাখতে উদ্বুদ্ধ করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। এবার আমাদের বিজয়ের ৩০তম বার্ষিকী। এ কারণেই এবছর বিজয় দিবস আমাদের সকলের কাছে আরও অধিক গুরুত্বপূর্ণ। আজকের এ গৌরবোজ্জ্বল ঐতিহাসিক দিনে আমি দেশবাসীর সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করি।

আল্লাহ হাফেজ, বাংলাদেশ জিন্দাবাদ

খালেদা জিয়া
প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



26 November 1971 : The Freedom Fighters inside Satkhira